পরিচালকমন্ডলীর প্রতিবেদন

বিসমিল্লাহির রাহমানির রাহিম।

সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দ - আসসালামু আলাইকুম।

প্রভাতী ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড-এর ২৩তম বার্ষিক সাধারণ সভায় আপনাদের সকলকে স্বাগত জানাই এবং ২০১৮ইং সালের ৩১শে ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের পরিচালনা পরিষদের প্রতিবেদন এবং নিরীক্ষিত হিসাব ও নিরীক্ষকের প্রতিবেদন আপনাদের নিকট উপস্থাপন করছি। এই সুযোগে কোম্পানীর প্রতি আপনাদের অবিচল বিশ্বাস এবং অকুণ্ঠ সহযোগিতার জন্য পরিচালকবৃন্দ এবং আমার পক্ষ থেকে আপনাদের সবাইকে কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানাচ্ছি। এই কথা নির্দ্বিধায় বলতে পারি যে, আমাদের প্রতি আপনাদের বিশ্বাস ও সহযোগিতা না থাকলে প্রতিকূল ব্যবসায়িক পরিবেশে আমরা আমাদের লক্ষ্য অর্জন করতে পারতাম না।

সাফল্যের অভিযাত্রাঃ

১৯৯৬ সালের ২রা এপ্রিল যাত্রা শুরু করে প্রভাতী ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড অত্যন্ত সফলতার সাথে ইন্স্যুরেন্স কার্যক্রম চালিয়ে আসছে। "সেবাই প্রথম" এই মূলমন্ত্রে দীক্ষিত হয়ে বাংলাদেশের বীমা জগতে যে ঐতিহাসিক যাত্রা শুরু করেছিলাম তার পথ ধরে অত্যন্ত সফল ও অত্যাধুনিক প্রযুক্তি-নির্ভর বীমা সেবা উপহার দিয়ে চলেছি। বর্তমানে মোট ৫৫টি শাখার মাধ্যমে আমরা সারাদেশে বীমা কার্যক্রম পরিচালনা করছি এবং গ্রাহকদের দোরগোড়ায় বীমা সেবা পৌঁছে দিয়ে আসছি। আপনাদের সকলের সহযোগিতা, আস্থা ও মূল্যবান পরামর্শ আমাদের এ অগ্রযাত্রায় পাথেয় হিসাবে ছিল যা ভবিষ্যতে অব্যাহত থাকবে বলে আমরা বিশ্বাস করি।

বিশ্ব অর্থনৈতিক পরিস্থিতিঃ

বিশ্বব্যাপী নানাবিধ উদ্যোগ ও প্রয়াস সত্ত্বেও বিশ্ব অর্থনৈতিক পরিস্থিতি আশাব্যঞ্জক নয়। ২০১৮ইং সালে উন্নত ও উন্নয়নশীল দেশের অর্থনীতিতে এক ধরনের অস্থিরতা বিরাজ করেছে। যুক্তরাষ্ট্র ও চীনসহ অন্যান্য রাষ্ট্রের বাণিজ্যে ধীরগতি লক্ষ্য করা যায়। মধ্যপ্রাচ্যের দেশসমূহে রাজনৈতিক অস্থিরতা বিশ্ব বাণিজ্যের উপর বড় প্রভাব ফেলে।

বাংলাদেশের অর্থনীতিঃ

২০১৭-২০১৮ অর্থবছরে বাংলাদেশ ৭.৮৬ শতাংশ প্রবৃদ্ধি অর্জন করেছে। প্রবাসীদের প্রেরিত অর্থ এ অর্থবছরে প্রায় ১৫ বিলিয়ন মার্কিন ডলার যা দেশের অর্থনীতিতে প্রবৃদ্ধির ধারা অব্যাহত রাখতে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। রপ্তানির ক্ষেত্রেও প্রবৃদ্ধির ধারা বজায় রাখতে সক্ষম হয়েছে। রেমিট্যান্স আয়ের সচলতা অর্থনৈতিক প্রবৃদ্ধিতে সহায়কা ভূমিকা পালন করছে।

ব্যবসায়িক সফলতাঃ

২০১৮ইং সালে কর-পূর্ব নীট মুনাফা হয়েছে ৬.৯৭ কোটি টাকা। ব্যাংক ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠানে বিনিয়োগ রয়েছে ৩৮.৭৯ কোটি টাকা এবং শেয়ারে বিনিয়োগ রয়েছে ১.১৪ কোটি টাকা।

সঠিকভাবে বাজারজাত করার কৌশল, ঝুঁকির দক্ষ ব্যবস্থাপনা, আমাদের পরিচালনা পরিষদের নেতৃত্ব ও সঠিক দিক-নির্দেশনা, কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালকসহ সকল কর্মকর্তা কর্মচারীদের সার্বিক ব্যবস্থাপনা, অক্লান্ত প্রচেষ্টা এবং সম্মানিত গ্রাহকগণের সহযোগিতা ও পৃষ্ঠপোষকতায় ব্যবসায়িক সফলতা বজায় রাখা সম্ভব হয়েছে।

ঝুঁকি ব্যবস্থাপনাঃ

বীমা শিল্পে বিদ্যমান ঝুঁকিসমূহ সম্পর্কে কোম্পানী সদা সচেতন। ঝুঁকিসূহকে গ্রহণযোগ্য পর্যায়ে রাখতে প্রতিনিয়ত ব্যবসায়ের সাথে সম্পৃক্ত বিদ্যমান ঝুঁকিসমূহ চিহ্নিতকরণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা, ডাটাবেস হাল-নাগাদকরণ এবং গ্রাহক, শুভ্যানুধায়ী ও শেয়ারহোল্ডাদের স্বার্থ সংরক্ষণের জন্য সংশোধনমূলক বা সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করে থাকে।

Report of the Board of Directors

Bismillahir Rahmanir Rahim

Respected Shareholders- Assalamu Alaikum

I am glad to welcome you in the 23rd Annual General Meeting of Provati Insurance Company Limited and now place before you the report of the Board of Directors and Audited Accounts & Report of the Auditors for the year ended on 31 December 2018. I would like to express my gratitude and thanks to all of you on behalf of myself and Board of Directors for your unflinching trust and robust support to the Company. It may be articulated without any hesitation that we could not have achieved our goal if we would not have obtained your trust and co-operation.

A Journey of Success:

With its inauguration on 2 April 1996, Provati Insurance Company Limited is conducting its functions till date with great success. We had a historical journey in the insurance arena in Bangladesh being inspired by the motto 'Service First' and are providing successful and modern technology-based insurance services to our valued customers. We have now total 55 branches through which we operate our insurance activities across the country and reach out our services to the doorstep of our valued customers. We had your co-operation, trust and valuable suggestion in this onward journey which, we believe, will continue in the coming days.

Global financial scenario:

Despite different global initiatives and efforts, the global economic situation remains gloomy. In 2018, developed and developing countries faced a kind of restlessness in their economy. The trade in the US, China and other states slowed down. Political unrest in the Middle East countries exercised great influence on the global trade and commerce.

Bangladesh Economy:

In FY 2017-2018, Bangladesh obtained 7.86 percent growth. The foreign remittance in this financial year is about USD 15 Billion which played a vital role to reach such growth. The growth was also witnessed in export sector. The foreign remittance contributed to the economic progress.

Business success:

In 2018 the net profit before tax was Tk 6.97 crore while investment in different banks and financial organizations was Tk 38.79 crore and share investment was Tk 1.14 crore.

This development has been possible due to adoption of proper market strategy, efficient risk management and able leadership and directions of our board of directors and untiring efforts of the Managing Director, all officers and employees as well as the continued co-operation and patronization of our valuable customers.

Risks Management:

The Company is always aware of the risk factors inherent in this industry. To keep the risks at an acceptable level, the company identifies, monitors and reviews the risks inherent in the business from time to time, continues to update database for information and takes corrective and or preventive

ব্যবসা কর্মক্ষমতা ঃ

অগ্নি বীমা ব্যবসাঃ

কোম্পানী প্রত্যক্ষ অগ্নি বীমার ব্যবসা থেকে ২০১৭ সালের মোট প্রিমিয়াম আয় ২৪৫.৯০ মিলিয়নের বিপরীতে এ বছর প্রিমিয়াম আয় করেছে প্রায় ২২৩.৯৮ মিলিয়ন টাকা। পুনঃবীমা প্রিমিয়ামের যথাযথ সংস্থানের পর অগ্নি বীমা ব্যবসায়ে নীট প্রিমিয়াম হয়েছে ১৮৩.৭০ মিলিয়িন টাকা। প্রিমিয়াম আয় কম হলেও কোম্পানী অগ্নি বীমা ব্যবসা থেকে ২০১৭ সালে ৮.১৯ মিলিয়ন টাকা অবলিখন মুনাফার স্থলে এ বছর মুনাফা অর্জন করেছে ৭০.২২ মিলিয়ান টাকা।

নৌ বীমা ব্যবসাঃ

নৌ বীমা ব্যবসায় থেকে কোম্পানীর মোট প্রিমিয়াম আয় ২০১৭ সালে ১৩৫.৫৬ মিলিয়ন টাকা থেকে বৃদ্ধি পেয়ে এ বছর হয়েছে ১৪১.৩৭ মিলিয়ন টাকা। যথাযথ পুনঃবীমা প্রিমিয়াম প্রদানের পর নীট প্রিমিয়াম আয় হয়েছে ১১৫.০০ মিলিয়ন টাকা। কোম্পানী নৌ বীমা ব্যবসা থেকে ২০১৭ সালের ৬.০৪ মিলিয়ন টাকা অবলিখন মুনাফর স্থলে এবছর লোকসান করেছে ৩৫.০১ মিলিয়ন টাকা।

মোটর ও বিবিধ ব্যবসাঃ

মোটর বীমা ব্যবসা থেকে ২০১৭ সালে ৬২.৯৮ মিলিয়ন টাকার স্থলে কমে গিয়ে এ বছর মোট প্রিমিয়াম আয় হয়েছে ৫৯.১১ মিলিয়ন টাকা। প্রিমিয়াম আয় কম হওয়া সত্ত্বেও এ খাত থেকে আয় হয়েছে ১৭.৪১ মিলিয়ন টাকা।

২০১৮ সালে বিবিধ অবলিখন থেকে প্রিমিয়াম আয় হয়েছে ২১.৪২ মিলিয়ন টাকা, যা গত বছর হয়েছিল ১৫.১৭ মিলিয়ন টাকা। ২০১৮ সালে মুনাফা হয়েছে ০.৭০ মিলিয়ন টাকা।

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থাঃ

কোম্পানীর অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালী করার জন্য পরিচালনা পরিষদের পাশাপাশি বিভিন্ন উপ-কমিটির মাধ্যমে নিয়মিত তদারকি করা হচ্ছে। কোম্পানীর প্রত্যেক বিভাগের সুনির্দিষ্ট দায়িত্ব বন্টন করা আছে এবং জবাবদিহিতা নিশ্চিত করা হচ্ছে।

তথ্য প্রযুক্তিঃ

বর্তমান সময়ে তথ্য প্রযুক্তির ব্যবহার ব্যতীত ব্যবসায় প্রত্যাশিত ফলাফল অর্জন কোনভাবেই সম্ভব নয়। এ উপলব্ধিতে ব্যবসা পরিচালনায় সকল শাখার কার্যক্রম কম্পিউটারাইজড করা হয়েছে। এর ফলে সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন মসৃণ, সহজ ও দ্রুততর হচ্ছে।

শাখাসমূহঃ

দেশে সম্প্রসারিত ৫৫টি শাখার মাধ্যমে কোম্পানী ব্যবসা চালিয়ে যাচ্ছে। সেখানে সুশিক্ষিত ও দক্ষ জনবল কর্মরত রয়েছে। অধিকাংশ শাখাপ্রধান বীমা পেশায় দীর্ঘ দিনের কর্ম অভিজ্ঞতাসম্পন্ন এবং বীমা ব্যবসা পরিচালনায় সফল ক্যারিয়ারের অধিকারী।

প্রধান আর্থিক বৈশিষ্ট্যঃ

২০১৪ইং সাল হতে ২০১৮ইং সাল পর্যন্ত আপনাদের কোম্পানীর অর্জিত আর্থিক বৈশিষ্ট্যসমূহ নিম্নে উপস্থাপন করা হলোঃ

(কোটি টাকায়)

বিবরণ	২০১৮	২০১৭	২০১৬	২০১৫	২০১৪
মোট প্রিমিয়াম আয়	৪৮.৫৪	৪৮.২৬	৪৪.৩৩	৪০.৫১	৩৩.২৭
নীট প্রিমিয়াম আয়	৩৭.৯১	৩৯.০৭	৩৫.৮৮	৩১.৭২	২৪.৯৫
মোট দাবী পূরণ	১৯.০৯	২০.৫১	৮.৩৫	১২.৯৬	১২.৫২
ই পি এস	১.৭৭	১.৭৪	১.৮১	১.৯৩	১.৮৪
প্রস্তাবিত লভ্যাংশ	১০%(C)	১০%(C)	৬% (C) ৬% (B)	৬% (C) ৬% (B)	১২% (B)
নীট এ্যাসেট ভ্যালু	১৭.৫৯	১৬.৮৪	১৬.৫৯	১৬.২৬	১৬.১৫
অপারেটিং ক্যাশ ফ্লো পার শেয়ার	২.৫৩	১.৪১	০.৬৬	১.৩২	৪.৫৭

Business Performance:

Fire Insurance Business:

The Company wrote direct fire insurance business for a gross premium income of Tk 245.90 million against Tk. 223.98 million in 2017. After ceding the re-insurance premium, the net premium of fire insurance business amounted to Tk. 183.70 million. The Company earned an underwriting profit of Tk. 70.22 million from its fire insurance business against Tk. 8.19 million in 2017.

Marine Insurance Business:

The total premium income from underwriting of marine insurance increased to 141.37 million from Tk. 135.56 million in 2017, yielding a net premium of Tk. 115.00 million after payment for re-insurance. The Company lost an underwriting profit of Tk. 35.01 million against profit Tk. 6.04 million in 2017.

Motor and Miscellaneous Insurance Business:

In motor Insurance segment, our total premium income decreased from Tk. 62.98 million in 2017 to Tk. 59.11 million. However, from this segment the company earned 17.41 million.

Premium income from miscellaneous underwriting was Tk. 21.42 million in 2018. which was 15.17 million in 2017. The profit in 2018 is Tk. 0.70 million.

Internal control system:

To further strengthen the internal control system of the Company, regular supervision is made by the Board of Directors as well as by different sub-committees. All Departments of the Company have got their specific responsibilities and their accountability is ensured.

Information technology (IT):

Without proper use of contemporary information technology (IT), expected business success is not possible. With such realization, all Branches and Sections are furnished with computerized system. A skilled workforce is employed there which leads to smooth and quick decision and its implementation.

Branches:

The Company is running business through 55 branches across the country by highly educated and skilled forces.

Most of the Branch Heads have long-held experience in insurance and are successful professionals in conducting insurance business.

Main Financial Features:

From 2014 to 2018, financial features of your Company are

Taka in Crore

Description	2018	2017	2016	2015	2014
Total premium income	48.54	48.26	44.33	40.51	33.27
Net premium income	37.91	39.07	35.88	31.72	24.95
Total claim realization	19.09	20.51	8.35	12.96	12.52
Earning per share	1.77	1.74	1.81	1.93	1.84
Proposed Dividend	10%(C)	10%(C)	6% (C) 6% (B)	6% (C) 6% (B)	12% (B)
Net asset value	17.59	16.84	16.59	16.26	16.15
Operating cash flow per share	2.53	1.41	0.66	1.32	4.57

বীমা দাবীঃ

২০১৮ইং সালে কোম্পানী সর্বমোট ১৯.০৯ কোটি টাকার দাবী নিষ্পত্তি করেছে। সম্মানিত গ্রাহকদের দাবী পূরণে কোম্পানী সর্বদাই অত্যন্ত আন্তরিক ও যত্নশীল।

পুনঃবীমা ব্যবস্থাঃ

রাষ্ট্রীয় মালিকানাধীন সাধারণ বীমা কর্পোরেশনের সাথে শ্রেণীভিত্তিক পুনঃবীমার চুক্তির দ্বারা প্রভাতী ইন্স্যুরেন্স কোম্পানী লিমিটেড ব্যবসা করে আসছে। বর্তমানে কোম্পানী যে কোন অংকের বীমা করতে সক্ষম, যেহেতু তার পুনঃবীমা চুক্তিটি এমনভাবে বিন্যস্ত যাতে উচ্চমূল্যের প্রকল্প রি-ইন্স্যুরেন্স ট্রিটি ও ফেকালটেটিভ ব্যবস্থার আওতায় কাভার করা যায়।

কোম্পানীর যানবাহনঃ

কোম্পানীর নামে নিবন্ধনকৃত মোট ৩১টি মোটর গাড়ি এবং ৩৫টি মোটর বাইক রয়েছে যার বর্তমান মূল্য ২.০২ কোটি টাকা। গাড়িগুলোর মধ্যে প্রধান কার্যালয়ে ১২টি ও কোম্পানীর বিভিন্ন শাখায় বীমা ব্যবসা আহরণে ১৯টি মোটর গাড়ি এবং ৩৫টি মোটর বাইক ব্যবহৃত হচ্ছে। উক্ত গাড়ি পরিচালনা ব্যয় ২৬.৬৯ লক্ষ টাকা।

লভ্যাংশঃ

আমাদের কোম্পানী ৩১/১২/২০১৮ইং তারিখে সমাপ্ত বছরে ৬.৯৭ কোটি টাকা কর-পূর্ব মুনাফা অর্জন করেছে। অস্বাভাবিক ধরনের ক্ষতি ও ট্যাক্সের জন্য রিজার্ভের পরিমান বাদ দিলে নীট লাভ থাকে ৩.১৬ কোটি টাকা, যার বিবরণ নিম্নে প্রদত্ত হলোঃ

(কোটি টাকায়)

বিবরণ	টাকা	টাকা
বিগত বছরের উদ্বৃত্ত মুনাফা	৩.২৯	
যোগঃ ২০১৮ সালের নীট লাভ	৬.৯৭	১০.২৬
বিয়োজনঃ অস্বাভাবিক ক্ষতির জন্য বরাদ্দ	২.৩৪	
কর বাবদ বরাদ্দ	১.৭০	
শেয়ারের বিপরীতে অনাদায়ী লোকসান	০.০৯	
বিগত বৎসরের লভ্যাংশ	২.৯৭	৭.১০
২০১৮ সালের লভ্যাংশ বিতরণের জন্য নীট বরাদ্দ		৩.১৬
২০১৮ সালের জন্য প্রস্তাবিত ১০% নগদ লভ্যাংশ		২.৯৭

নোটঃ পরিচালনা পরিষদ ২০১৮ইং সালের জন্য শেয়ারহোল্ডারগণকে ১০% নগদ লভ্যাংশ প্রদানের সুপারিশ করেছে। উক্ত সুপারিশ গৃহীত হলে লভ্যাংশ বিতরণের পর কোম্পানীর হিসাবে ০.১৯ কোটি টাকা থাকবে।

নিরীক্ষক ঃ

বিধি মোতাবেক কোম্পানীর নিরীক্ষক মেসার্স রহমান মোস্তফা আলম এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস এ সভায় অবসর গ্রহণ করেন। মেসার্স এ. হক এন্ড কোং, চার্টার্ড একাউন্ট্যান্টস-কে ৮০,০০০/-(আশি হাজার) টাকা ফিস নির্ধারণ করে ২০১৯ইং সালের জন্য নিরীক্ষক হিসাবে নিয়োগের সুপারিশ করছি।

পরিচালকগণের অবসর ও নির্বাচনঃ

(ক) কোম্পানীর সংঘ-বিধির ১১২নং বিধি মোতাবেক 'ক' গ্রুপের নিম্নবর্ণিত পরিচালকগণ এই সভায় আবর্তনক্রমে অবসর গ্রহণ করবেন এবং তাহারা পুনঃনির্বাচনের জন্য যোগ্য বিধায় পুনঃ নিয়োগের আগ্রহ প্রকাশ করেছেন।

১। আলহাজ্ব মোহাম্মদ আলী
২। আলহাজ্ব মোঃ মফিজুর রহমান
৩। আলহাজ্ব সাহাদাত হোসেন

(খ) পাবলিক শেয়ারহোল্ডার থেকে পরিচালক নিয়োগঃ

বীমা আইন, ২০১০ এবং বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নোটিফিকেশন এবং কোম্পানীর সংঘ-বিধি অনুযায়ী 'খ' গ্রুপের পরিচালক,

Insurance Claim:

In 2018 the Company settled claim for total Tk 19.09 crore. The Company is careful about settling the claims lodged by valuable customers.

Reinsurance System:

Provati Insurance Company Limited operates business by classified reinsurance treaty with the state-owned Sadharan Bima Corporation. The Company is able to insure any amount as its reinsurance treaty is arranged in such a way that we can go for reinsurance arrangement of high value project even on facultative basis.

Company's Transport:

The company has 31 motor cars & 35 motor cycles. The present value of the vehicles stands at Tk. 2.02 Crore. of the transports, 12 motor cars are being used by the Head Office, the rest 19 motor cars and 35 motor cycles are being used by the Branches for business purposes. Maintenance cost of the transport is Tk. 26.69 lakh.

Dividend:

Our Company earned profit before tax for Tk 6.97 crore for the year ended 31 December, 2018. After deduction of exceptional losses, Income Taxes, Provissions and payment of last years dividend the

Description	Taka	Taka
Surplus profit in the last year	3.29	
Add: Net Profit 2018	6.97	10.26
Deduct: Reserve for exceptional losses	2.34	
Provision for Income Tax	1.70	
Unrealized loss on Securities available for sale	0.09	
Dividend paid last year	2.97	7.10
Amount available for Dividend for the year 2018		3.16
Proposed 10% cash Dividend for the year 2018		2.97

Note: The Board of Directors has recommended 10% cash dividend for 2018 for the shareholders. If the recommendation is approved, the company will have the remaining Tk. 0.19 crore after distribution of dividend.

Auditors:

As per the rule, M/s. Rahman Mostafa Alam & Co., Chartered Accountants, retired this year. M/S. A Hque & Co., Chartered Accountants, is recommended to be appointed as Auditors for the year 2019 with the remuneration of Tk. 80,000.00.

Retirement and Election of Directors:

A) In accordance with the rule 112 of the Company's Articles of Association, the following Directors of the Group `A' will retire by rotation in this meeting and they have expressed their willingness to be re-elected.

1. Alhaj Mohammad Ali
2. Alhaj Md. Mofizur Rahman
3. Alhaj Shahadat Hossain

B) Appointment of Directors from Public Shareholders:

As per the Insurance Act, 2010 and Notification of Bangladesh

তৃতীয়াংশ হবেন। সেই অনুযায়ী বোর্ডে সর্বোচ্চ ৫(পাঁচ) জন পাবলিক শেয়ারহোল্ডার পরিচালক থাকবেন। কোম্পানী আইন অনুযায়ী নিম্নোক্ত পরিচালকদ্বয় আবর্তনক্রমে অবসর গ্রহণ করবেন।

১। জনাব হাবিবুর রহমান

২। জনাব হাবিব-ই-আলম চৌধুরী

বর্তমানে পাবলিক শেয়ারহোল্ডার থেকে ০৩(তিন) জন পরিচালক রয়েছেন। এ অবস্থায় খ-গ্রুপ ক্যাটিগরিতে তথা পাবলিক শেয়ারহোল্ডার থেকে ০২(দুই) জন পরিচালক নির্বাচিত করা হবে।

(গ) স্বাধীন পরিচালক নিয়োগঃ

বীমা আইন, ২০১০ অনুযায়ী মোট বোর্ড সদস্যের একদশমাংশ তথা ০২(দুই) জন স্বাধীন পরিচালক থাকবেন। বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন-এর কর্পোরেট গভর্নেন্স-এর কোড অনুযায়ী প্রত্যেক স্বাধীন পরিচালক ০৩(তিন) বছরের জন্য নিয়োগপ্রাপ্ত হন। আমাদের কোম্পানীর নিম্নোক্ত স্বাধীন পরিচালকগণ পরিচালক হিসাবে ০১(এক) বছর সময় অতিক্রম করেছেন। অতএব স্বাধীন পরিচালক নিয়োগের প্রয়োজন নাই।

১। বেগ মোঃ নুরুল আজিম এফসিএ

২। অধ্যাপক ড. মোঃ সায়েদুজ্জামান

Credit Rating:

Argus Credit Rating Ltd. ২০১৮ সালে কোম্পানীর Credit Rating করেছে। কোম্পানী Credit Rating Grade 'AA'। Credit Rating-এর ভিত্তিতে আমাদের কোম্পানীর অবস্থান যথেষ্ট ভাল যা নিম্নরূপঃ

Publishing Date	Rating Vilidity	Rating Action	Long Term Rating	Short Term Rating	Out look
September 16, 2018	September 16, 2019	Surveillance -2	AA	ACRL-2	Stable

মানবসম্পদঃ

আমরা জানি ব্যবসার সাফল্য প্রতিষ্ঠানের কর্মীদের দক্ষতা এবং যোগ্যতার উপর নির্ভরশীল। তাই মানবসম্পদ উন্নয়নে আমরা গুরুত্ব দিয়ে থাকি। আমরা বিভিন্ন সময় বিভিন্ন মেয়াদে বীমার উপর প্রশিক্ষণের জন্য বাংলাদেশ ইন্স্যুরেন্স একাডেমি, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসাসিয়েশন-এর মাধ্যমে কোম্পানীর কর্মকর্তাগণের নিয়মিত প্রশিক্ষণ নিয়ে থাকি। এছাড়াও আমরা আমাদের জনবলের দক্ষতা বৃদ্ধির কাজ করে যাচ্ছি। কাজের দক্ষতা মূল্যায়ন করার জন্য বিভিন্ন পদ্ধতি গ্রহণ করে থাকি।

কর্পোরেট এবং আর্থিক প্রতিবেদনঃ

কোম্পানী বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক প্রণীত কর্পোরেট গভার্নেন্স এর আবশ্যিকগুলো যথাযথভাবে পালন করেছে।

তদনুরূপ পরিচালকমন্ডলী নিম্নলিখিত বিষয়গুলো নিশ্চিত করেনঃ

ক) কোম্পানী আইন, ১৯৯৪, বীমা আইন, ২০১০ প্রযোজ্য ক্ষেত্রে বীমা আইন ১৯৩৮ এবং সিকিউরিটি ও এক্সচেঞ্জ কমিশন বিধিমালা, ১৯৮৭ অনুযায়ী আর্থিক বিবরণীসমূহ এবং সংযুক্ত টীকাসমূহ তৈরী করা হয়েছে। এ বিবরণীসমূহ কোম্পানীর আর্থিক অবস্থা, সমাপ্ত বছরের কার্যক্রমের ফলাফল এবং নগদ অর্থ প্রবাহের সুষ্ঠ প্রতিফলন করে।

খ) কোম্পনীর হিসাব বহিসমূহ সঠিকভাবে সংরক্ষিত হয়েছে।

গ) আর্থিক বিবরণীসমূহ তৈরীতে সঠিক হিসাব নীতিমালাসমূহ যথাযথভাবে প্রয়োগ করা হয়েছে। তবে যেখানে এর ব্যত্যয় ঘটেছে তা প্রকাশ করা হয়েছে। হিসাব অনুমানসমূহ যুক্তি সঙ্গতভাবে ও বিচক্ষণতার সাথে করা হয়েছে।

ঘ) আন্তর্জাতিক হিসাবমান অনুযায়ী আর্থিক বিবরণীসমূহ প্রস্তুত করা হয়েছে।

ঙ) অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা সুদৃঢ়ভাবে প্রণীত যার প্রয়োগ এবং পর্যবেক্ষণ অতীব কার্যকর।

চ) চলমান প্রতিষ্ঠান হিসাবে কোম্পানীর সক্ষমতায় বিন্দুমাত্র কোন সন্দেহ নেই।

Association of the Company, the Directors from the Group 'B' will be one-third of the Public Shareholder Directors and Sponsor Directors. Accordingly a total of 5(five) Public Shareholder Directors will be in the Board. As per the Company Law, the following Directors will retire by rotation.

1. Mr. Habibur Rahman

2. Mr. Habib-e-Alam Chowdhury

Presently, there are 03 (Three) Directors from the Public Shareholders. In this situation, from Group 'B' 02 (Two) Directors will be elected from the Public Shareholders.

C) Appointment of Independent Directors :

As per the Insurance Act, 2010, Independent Directors will be one-tenth of the total Board of Directors. As per the Corporate Governance Code of the BSEC, every independent director is appointed for 3 years. The following 2 independent directors of our company have passed out only one year. So, there is no need for appointment of any independent directors.

(1) Mr. Beg Mohammad Nurul Azim FCA

(2) Professor Dr. Md. Sayaduzzaman

Credit Rating:

Argus Credit Rating Ltd. has made credit rating of the Company for the year 2018. The Company has earned Credit Rating Grade `AA'. On the basis of Credit Rating, our

Publishing Date	Rating Vilidity	Rating Action	Long Term Rating	Short Term Rating	Out look
September 16, 2018	September 16, 2019	Surveillance -2	AA	ACRL-2	Stable

Human Resource:

We know that business success depends on the skill and quality of the staff. This is why we put importance on Human Resource Development. We are striving to improve the quality and skill of our employees through regular training and we adopt different methodology to evaluate their skill and performance.

Corporate and Financial Reporting:

The Company has complied with all the requirements of Corporate Governance Codes, published on 03 June, 2018, as required by the Bangladesh Securities and Exchange Commission.

Accordingly, the Directors are pleased to confirm the following:

a) The financial statements together with notes thereon have been prepared in conformity with the Companies Act, 1994, Insurance Act, 2010 and in some applicable cases Insurance Act, 1938 and Securities & Exchange Commission Rules, 1987. These statements present fairly its state of affairs, the result of its operations, cash flows and changes in equity.

b) The books of account of the Company have been properly maintained.

c) Appropriate accounting policies have been consistently applied in preparation of the financial statements and the accounting estimates are based on reasonable and prudent judgment.

d) International Accounting Standards or International Financial Reporting Standards have been followed in preparation of the financial statements.

e) The system of internal control is sound in design and has been effectively implemented and monitored.

f) There are no doubts about the Company's capability to

ছ) নিয়ন্ত্রণকারী শেয়ারহোল্ডারগণ কর্তৃক প্রত্যক্ষ বা পরোক্ষভাবে গৃহীত বিনিয়োগ স্বার্থ পরিপন্থী সিদ্ধান্ত থেকে ক্ষুদ্র বিনিয়োগকারীগণ সুরক্ষিত।

জ) অন্তর্বর্তীকালীণ লভ্যাংশ হিসেবে কোন প্রকার বোনাস শেয়ার বা স্টক ডিভিডেন্ড প্রদান করা হয়নি।

ঝ) প্রতিবেদনকালীণ সময়ে কোন অস্বাভাবিক কার্যক্রম সংঘটিত হয়নি।

ঞ) বিগত বছরের কার্যক্রমের তুলনায় তেমন গুরুত্বপূর্ণ কোন বিচ্যুতি নেই।

কর্পোরেট সুশাসনঃ

বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক প্রদত্ত সুশাসনের নির্দেশনা যথাযথভাবে পরিপালন করে আসছি। কমিশনের প্রদত্ত Notification no. BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 dt. 03 June, 2018 -এর শর্তসমূহ পরিপালনের প্রতিবেদন সাথে সংযুক্ত করা হয়েছে।

মনোনয়ন ও সম্মানী নির্ধারণ কমিটিঃ

বিএসইসি এর ০৩ জুন, ২০১৮ তারিখে প্রকাশিত নোটিফিকেশন পরিপালনের জন্য পরিচালনা পরিষদের উপকমিটি হিসেবে ৪ সদস্য বিশিষ্ট (একজন নন-ভোটিং সদস্য সহকারে) মনোনয়ন ও সম্মানী নির্ধারণ কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি পরিচালনা পরিষদকে স্বতন্ত্র পরিচালক ও কর্মকর্তাদের মনোনয়ন ও সম্মানী প্রদানের নিয়মনীতি প্রণয়ন ও পরামর্শ প্রদান করবে। কমিটির সদস্যদের নামের তালিকা বার্ষিক প্রতিবেদনে দেখানো হয়েছে।

ভবিষ্যৎঃ

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (IDRA) দৃঢ়তা ও দক্ষতার সাথে বীমা শিল্পের বিদ্যমান অন্তরায়সমূহ চিহ্নিত করে একে একে তা দূরীভূত করার কার্যকর পদক্ষেপ গ্রহণ করে যাচ্ছে। গৃহীত পদক্ষেপগুলির মধ্যে উল্লেখযোগ্য হলো ট্যারিফ রেটের চেয়ে কম রেইটে ঝুঁকি গ্রহণ এবং প্রিমিয়াম গ্রহণ ব্যতিরেকে বীমা ডকুমেন্ট ইস্যু করার প্রবণতা রোধ/বন্ধ করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ। IDRA এর গৃহীত পদক্ষেপগুলো বাস্তবায়নে বীমা কোম্পানীগুলো ও বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন অত্যন্ত আন্তরিকতার সঙ্গে এগিয়ে যাচ্ছে। এতে বীমা কোম্পানীগুলো লাভবান হচ্ছে এবং ক্রমশঃ সমৃদ্ধির পথে এগিয়ে যাচ্ছে।

প্রভাতী ইন্স্যুরেন্স কোম্পানী লিঃ-এর উপর অপরিসীম বিশ্বাস ও আস্থা রাখায় আমাদের পক্ষ থেকে আপনাদেরকে হৃদয়ছোঁয়া ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই। আপনাদের বলিষ্ঠ সমর্থন ও দিকনির্দেশনা, বিশ্বাস ও আস্থায় আমরা ব্যবসায়িক ও অর্থনৈতিক চ্যালেঞ্জ মোকাবেলাপূর্বক এগিয়ে যাচ্ছি। আমাদের অগ্রযাত্রায় সবচেয়ে বড় উদ্দীপক শক্তি হিসাবে কাজ করে আসছে আপনাদের এ অনুপ্রেরণা।

কৃতজ্ঞতাজ্ঞাপনঃ

কোম্পানীর কার্যক্রমে সাহায্য ও সহযোগিতা প্রদানের জন্য সরকারী ও বেসরকারী ব্যাংকসমূহ, বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান, ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান ও সর্বোপরি কোম্পানীর শেয়ারহোল্ডারগণের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি। পরিচালনা পরিষদ আরও ধন্যবাদ জানায় অর্থ মন্ত্রণালয়, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, বাংলাদেশ ইন্স্যুরেন্স এসোসিয়েশন, সাধারণ বীমা কর্পোরেশন, বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা ষ্টক এক্সচেঞ্জ লিমিটেড, চট্টগ্রাম ষ্টক এক্সচেঞ্জ লিমিটেড, সেন্ট্রাল ডিপোজিটরী বাংলাদেশ লিমিটেড, বাংলাদেশ এসোসিয়েশন অব পাবলিকলী লিষ্টেড কোম্পানীজ, রেজিষ্ট্রার অব জয়েন্ট ষ্টক কোম্পানীজ এন্ড ফার্মস, সকল সরকারী ও বেসরকারী সংস্থাকে তাঁদের সহযোগিতা প্রদানের জন্য।

আমরা আশা করি, কোম্পানীর সকল শ্রেণীর কর্মকর্তা ও কর্মচারীদের আন্তরিক কর্মনিষ্ঠা, অক্লান্ত পরিশ্রম ও ঐকান্তিক প্রচেষ্টার ফলে আমাদের প্রাণপ্রিয় প্রতিষ্ঠানটি আরও সমৃদ্ধির পথে এগিয়ে যাবে।

আপনাদের সকলকে ধন্যবাদ।

পরিচালকমন্ডলীর পক্ষে

চেয়ারম্যান

g) Minority shareholders have been protected from abusive actions by controlling shareholders either directly or indirectly;

h) No bonus share or stock dividend has been declared as interim dividend;

i) There is no extraordinary activity in the reporting period;

j) There are no significant deviations from the operating

Complince of Corporate Governance:

Status of compliance with the requirements/Conditions of bangladesh Securities and Exchange Commission (BSEC) Notification no. BSEC/CMRRCD/2006-158/207/Admin/80 dt. 03 June, 2018 on Corporate Governance has been enclosed with the report.

Nomination and Remuneration Committee (NRC):

The Board of Directors constituted a four-member (including a non-voting member) Nomination and Remuneration Committee (NRC) as a sub-committee of the Board of the Company to comply with the BSEC notification dated 03 June, 2018. The Committee shall assist the Board in formulation of the nomination Criteria or policy for determining qualifications, positive attributes, experiences and independence of Directors and top level executives. A list of NRC Committee is enclosed in the Annual Report.

Future:

It is matter of optimism that Insurance Development and Regularity Authority (IDRA) has rightly identified the obstacles in insurance industry and it is trying to resolve those problems. Notable steps already taken are prohibition of undertaking risk with premium rate lower than tariff rate and stopping the tendency of issuing insurance documents without receiving premium.

Insurance Companies and Bangladesh Insurance Association (BIA) have come forward in implementing the steps adopted by IDRA with sincerity. By this, insurance companies are being benefited and they are advancing gradually towards prosperity.

I, on behalf of Provati, express heartfelt thanks and gratitude to you for your unfailing trust and faith in us. Your unconditional support and direction along with the faith and trust of our valuable clients have been the prime driving force of our company in times of political, business and economic challenges throughout our journey of advancement.

Acknowledgment:

On behalf of the Board of Directors, we express our heartfelt gratitude to Govt. and non-govt. Banks, various financial institutions, private institutions and above all to the shareholders of the Company for their continued help and co-operation. The Board of Directors is also thankful to the Ministry of Finance, Insurance Development & Regularity Authority, Sadharan Bima Corporation, Bangladesh Securities and Exchange Commission, Dhaka Stock Exchange Limited, Chittagong Stock Exchange Limited, Central Depository Bangladesh Limited, Bangladesh Insurance Association, Registrar of Joint Stock Companies and Firms, all govt., and non-govt. organizations for their co-operation .

We trust that the sincere service delivery, untiring effort and firm dedication of all officers and employees will steadily lead the company towards affluence.

Thanks to all

On behalf of the Board